# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৮৮

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২১. কোনো লোকের জন্য কোন্ অবস্থায় সাদাকা করা মুস্তাহাব?

بَاب مَتَى يُسْتَحَبُّ لِلرَّجُلِ الصَّدَقَةُ

## আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي هِشَامٌ عَنْ عُرْوَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ خَيْرُ الصَّدَقَةِ مَا تُصُدِّقَ بِهِ عَنْ ظَهْرِ غِنًى وَلْيَبْدَأْ أَحَدُكُمْ بِمَنْ يَعُولُ

## বাংলা

১৬৮৮. আবী হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেন: "সচ্ছল অবস্থায় যে দান করা হয়, সেটিই সর্বোত্তম দান। আর তোমরা যাদের ভরণ-পোষণ করো, প্রথমে তাদেরকে দান করার মাধ্যমেই (দান) শুরু করবে।"[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: বুখারী, যাকাত ১৪২৬; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৩৬৩, ৪২৪৩ তে।

সেখানে আরো সংযোজন করছি: এটি আরো বর্ণনা করেছেন আব্দুর রাযযাক নং ১৬৪০৪; ইবনু খুযাইমা, আস সহীহ নং ২৪৩৯; বাগাবী, শারহুস সুন্নাহ নং ১৬৭৪, ১৬৭৫; দাওলাবী, আল কুন্নী ১/১০৮; ইবনু আদী, আল কামিল ৪/১৫৮৬; বাইহাকী, শুয়াবুল ঈমান নং ৩৪১৯, ৮৫৭৫; আল মা'রিফাতুস সুনান ওয়াল আছার নং ৮৫০১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81971

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন